

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
আইসিটি অধিশাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

নম্বর: ৩৪.০১.০০০০.০০৮.১৮.০০৬.১৭.১৯

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৬
১৫ জুলাই ২০১৯

অফিস আদেশ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল শাখা/দপ্তর প্রধানের সরকারি পত্র/তথ্য প্রেরণ ও গ্রহণের লক্ষ্যে ইতোপূর্বে ডোমেইন ই-মেইল এড্রেস ০৮/১১/২০১৬খ্রি. তারিখে তৈরি করে দেয়া হয়েছে যার তালিকা অধিদপ্তরের ওয়েব পোর্টালে রয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ শাখা/দপ্তর প্রধানগণ সরকারি ই-মেইল ব্যবহার না করে বেসরকারি ই-মেইল ব্যবহার করছেন যা সরকারি ই-মেইল নীতিমালা ২০১৮ এর পরিপন্থী। অধিদপ্তরের সর্বমোট ৬৯৩টি ডোমেইন ই-মেইল এড্রেস ব্যবহারের তালিকা পর্যবেক্ষনকালে দেখা যায় যে ক্রমিক ১ হতে ৩১১ পর্যন্ত ই-মেইল এড্রেস এযাবৎ ব্যবহার করা হয় নাই (Never logged in) এবং ৩১২ হতে ৩৮২ পর্যন্ত ই-মেইল ২০১৬ সালে ও ৩৮৩ হতে ৫১০ পর্যন্ত ই-মেইল ২০১৭ সালে, ৫১১ হতে ৫৬৬ পর্যন্ত ই-মেইল ২০১৮ সালে সর্বশেষ ব্যবহৃত হয়েছে (logged in), যা অত্যন্ত দুঃখজনক। ই-মেইল ব্যবহার-চিত্র অনুধাবনকরত প্রথমবারের মত সকলকে সতর্ক করা হলো। এখন থেকে সকল শাখা/দপ্তর প্রধানগণ কর্তৃক জারিকৃত পত্রাদি ওয়েব পোর্টালের পাশাপাশি নিজ নিজ ই-মেইল মারফত সংশ্লিষ্টদের নিকট প্রেরণ নিশ্চিত করা সহ প্রতি কার্যদিবসে কমপক্ষে দুইবার ই-মেইল চেক করার জন্য বলা হলো।

উল্লেখ্য যে, অত্র সরকারি ই-মেইল সার্ভিসের মাধ্যমে সহজ ও অল্পসময়ে অধিক সংখ্যক প্রাপকের নিকট মেইল প্রেরণের স্বার্থে গ্রুপ মেইল সার্ভিস চালু করা হয়েছে। গ্রুপ মেইল ব্যবহার নির্দেশিকা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সার্বিক সহযোগিতার প্রয়োজনে জনাব সালেহ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি), মোবাইলঃ ০১৭১২৪৭৩৩৪৮ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তঃ ১। ব্যবহৃত ই-মেইল এড্রেসের তালিকা- ১৫ পাতা।

২। গ্রুপ মেইল ব্যবহার নির্দেশিকা- ০২ পাতা।



১৫-৭-২০১৯

ফারুক আহমেদ
মহাপরিচালক

নম্বর:

৩৪.০১.০০০০.০০৮.১৮.০০৬.১৭.১৯/১(৯৯)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর-----জেলা। (সকল)

২) ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----- জেলা। (সকল)

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৬
১৫ জুলাই ২০১৯

- ৩) সহকারী পরিচালক, আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, ----- জেলা। (সকল)
৪) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, -----উপজেলা-----জেলা। (সকল)
৫) সংশ্লিষ্ট নথি।
৬) মহাপরিচালকের কার্যালয়ের পরিচালকগণ
৭) প্রধানকার্যালয়ের উপপরিচালকগণ
৮) উপ-পরিচালক (সকল জেলা) যুব উন্নয়ন অধিদপ্তর
৯) মহাপরিচালকের কার্যালয়ের সহকারী পরিচালকগণ



১৫-৭-২০১৯

সালেহ উদ্দিন আহমেদ
সহকারী পরিচালক